

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা
www.publiclibrary.gov.bd, Fax # 58611775

বিষয়: জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১৮তম জন্মবার্ষিকী উপলক্ষে রচনা, বইপাঠ প্রতিযোগিতা ও পুস্তক প্রদর্শনী।

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১৮তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারে রচনা, বইপাঠ প্রতিযোগিতা ও ০৪ (চার) দিন ব্যাপী পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।


রচনা প্রতিযোগিতার বিষয় : সাহিত্য ও সংস্কৃতিতে নজরুল (সবার জন্য উন্মুক্ত), শব্দসীমা- ১৫০০।

ঢাকার প্রতিযোগী স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা অফিসে এবং অন্যান্য বিভাগীয়, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। বইপাঠ প্রতিযোগিতার ফরম সংশ্লিষ্ট গ্রন্থাগার থেকে সংগ্রহ করে ঐ গ্রন্থাগারেই জমা দিতে হবে। রচনা ও পূরণকৃত বইপাঠ প্রতিযোগিতার ফরম জমা দেয়ার শেষ তারিখ ১৮.০৫.২০১৭ খ্রিস্টাব্দ।

পুস্তক প্রদর্শনী : গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর) সরকারি গণগ্রন্থাগার কার্যালয় চত্বরে ০৪ (চার) দিনব্যাপী নজরুল বিষয়ক পুস্তক প্রদর্শনী আগামী ১৭.০৫.২০১৭ তারিখ থেকে ২০.০৫.২০১৭ তারিখ (প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত) অনুষ্ঠিত হবে।

শর্তাবলী :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক দিকে লিখতে হবে, উভয় দিকে লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. বইপাঠ প্রতিযোগিতার ক্ষেত্রে পঠিত বইসমূহ সংশ্লিষ্ট গ্রন্থাগারের হতে হবে।
৫. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচনাযোগ্য হবে না।


(আশীষ কুমার সরকার)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৯৬৭১২৩৪
e-mail:dg.dpl.2012@gmail.com